

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং


নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৫৯.১৬-১০৬

তারিখঃ ১৬ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২৪/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো) কর্তৃক প্রস্তাবিত "সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ"-শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) বেগম জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ২৪/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো) কর্তৃক প্রস্তাবিত "সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা কমিশন

শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ২৪/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো) কর্তৃক প্রস্তাবিত “সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ”- শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ২৪/০৮/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ (নওপাজেকো) কর্তৃক প্রস্তাবিত “সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ”-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট- “ক” তে সন্নিবেশিত।

২। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহ্বান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, বিদ্যুৎ অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকা শক্তি। বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিকল্প নেই। বাংলাদেশ পাওয়ার সিস্টেম মাস্টার প্লান-২০১০ অনুযায়ী সরকার আগামী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেঃওঃ এবং ২০৩০ সালের মধ্যে প্রায় ৪০,০০০ মেঃওঃ বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।

নবায়নযোগ্য জ্বালানী নীতিমালা-২০০৮ অনুযায়ী সরকার আগামী ২০২০ সালের মধ্যে মোট উৎপাদনের প্রায় ১০ শতাংশ (২,০০০ মেঃওঃ) বিদ্যুৎ নবায়নযোগ্য জ্বালানী হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এরই অংশ হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড কর্তৃক মোট ১২৫২২.৭২ লক্ষ (জিওবি ১২২২৮.০২ লক্ষ ও সংস্থার নিজস্ব ২৯৪.৭০ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত এবং জুলাই, ২০১৬ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িতব্য সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক (PV) পাওয়ার প্লান্ট নির্মাণের প্রস্তাব করা হয়েছে।

৩। আলোচনাঃ

৩.১ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'র ৩-৪ নং পৃষ্ঠায় বর্ণিত Components and Estimated Cost Summary সহ ডিপিপি'র ২৫-৩২ নং পৃষ্ঠায় বিভিন্ন অংগের Economic Code/Sub Code সঠিক নয় মর্মে প্রতীয়মান হয় যা সংশোধন করা সমীচীন। এ প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ডিপিপি'র ৩-৪ নং পৃষ্ঠায় বর্ণিত Components and Estimated Cost Summary সহ ডিপিপি'র ২৫-৩২ নং পৃষ্ঠায় বিভিন্ন অংগের Economic Code/Sub Code সংশোধন করা হবে। সভায় এ বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

৩.২ সভায় আলোচ্য প্রকল্পের Financial Analysis এর IRR ১২% ডিসকাউন্ট এর পরিবর্তে প্রকল্পের Cost of Capital এর সাথে তুলনা করা সমীচীন। এক্ষেত্রে আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে Cost of Capital সম্পর্কে বিদ্যুৎ বিভাগের কাছে জানতে চাওয়া হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, পরিকল্পনা কমিশনের সাথে আলোচনাক্রমে তা পরিমার্জন করা হবে। পুনর্গঠিত ডিপিপিতে ডিসকাউন্ট রেটের সঠিক হার উল্লেখ করার বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়।

৩.৩ ডিপিপি'র ১৫ নং অনুচ্ছেদ সঠিকভাবে লিখিত হয়নি বিধায় তা সংশোধন করার বিষয়ে সভাকে অবহিত করা হলে প্রকল্পের বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ১৫ নং অনুচ্ছেদ সঠিকভাবে সংশোধন করতঃ ডিপিপি পুনর্গঠন করা হবে। সভায় এ বিষয়ে ঐকমত্য পোষণ করা হয়।

৩.৪ সভায় কার্যক্রম বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে, আলোচ্য প্রকল্পটি ২ (দুই) বছর মেয়াদে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। জিওবি অর্থের ক্ষেত্রে MTBF-এ বিদ্যুৎ বিভাগের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ নিশ্চিত করতে না পারলে এত অধিক সংখ্যক প্রকল্প অনুমোদিত হলেও কাঙ্ক্ষিত বরাদ্দ পাওয়া যাবে না। ফলে প্রকল্প মেয়াদ ও ব্যয় দু'ই বৃদ্ধি পাবে যা কাম্য নয়। এ বিষয়ে এনইসি সভার সিদ্ধান্ত অনুসরণের জন্য বিদ্যুৎ বিভাগের গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানতে চাইলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ২০১৬-১৭ অর্থ-বছরে বিদ্যুৎ বিভাগের অনুকূলে অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ-বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তবে অতিরিক্ত অর্থ পাওয়া না গেলে বিকল্প হিসেবে নওপাজেকো'র অন্য প্রকল্প থেকে আন্তঃপ্রকল্প সমন্বয়ের মাধ্যমে প্রস্তাবিত প্রকল্পের জন্য চলতি বছরেই অর্থায়নের ব্যবস্থা নেয়া হবে।

৩.৫ সভায় ডিপিপি'র ১৮ নং অনুচ্ছেদে বর্ণিত তথ্যের ধারাবাহিকতায় বর্ণিত দরপত্রের Validity Date সম্পর্কে বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, ডিপিপি'র ১৮ নং অনুচ্ছেদে বর্ণিত তথ্যের ধারাবাহিকতায় বর্ণিত দরপত্রের Validity Date ২৫ আগস্ট, ২০১৬। তবে, ইতোমধ্যে দরপত্রের Validity Date ৩ (তিন) মাস বৃদ্ধি করে ২৫ নভেম্বর, ২০১৬ করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর বর্ধিত সময়সীমার মধ্যেই যেন ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা সম্ভব হয় সে লক্ষ্যে এ প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়া দ্রুততম সময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় ঐকমত্য হয়।

৩.৬ সভায় উল্লেখ করা হয় যে, প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৩৭.৬৭% ব্যয় ইকনোমিক কোড ৬৮১৩ এর আওতায় Photovoltaic Plant (VP Modules, DC Cables, LT Cables, PV Module Mounting Structures, LV/MV Cable and accessories) এর খাতে ব্যয় করা হবে। তবে এই খাতের প্রাক্কলন বা অন্যান্য খাতের ব্যয় প্রাক্কলনের হিসাবের বিভাজন ডিপিপি'র কত পৃষ্ঠায় দেখা আছে তা Code Description এর প্রতিটির পার্শ্বে বন্ধনীর ভিতর দেয়ার নিয়ম থাকলেও তা দেয়া হয়নি। এই বিভাজনসমূহ ডিপিপি'তে খুঁজে পাওয়া যায়নি। এ প্রসঙ্গে সংস্থার প্রতিনিধি বলেন যে, DC Cables, LT Cables, PV Module, Mounting Structures, LV/MV Cable and accessories ইত্যাদি আইটেমের দর একত্রিত করে PV Plant এর দর নির্ধারণ করা হয়েছে। এ খাতের আইটেম ভিত্তিক প্রাক্কলন পুনর্গঠিত ডিপিপি'র Annexure 1.1-এ প্রদান করা হবে এবং Code Description এর প্রতিটির পাশে বন্ধনীর ভিতর পৃষ্ঠা নম্বর উল্লেখসহ ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় কম্পিউটার প্রমাদজনিত ভুলত্রুটি সংশোধন করার বিষয়ে সভায় ঐকমত্য প্রতিষ্ঠিত হয়।।

৩.৭ সভায় পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে এনইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নাম বাংলায় লেখাসহ প্রকল্পের উদ্দেশ্যসমূহ সঠিকভাবে পুনর্গঠিত ডিপিপি'তে লেখার প্রস্তাব করা হলে বিস্তারিত আলোচনান্তে তা সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠন করা হবে মর্মে বিদ্যুৎ বিভাগের পক্ষ থেকে জানানো হয়।

৩.৮ পরিকল্পনা কমিশনের পক্ষ থেকে জানানো হয় যে, ভূমি উন্নয়নের জন্য ইতোমধ্যে চূড়ান্তকৃত ২৩ একর ভূমির Landscape এর লক্ষ্য রাখতে হবে যাতে জলাশয়সমূহ সম্পূর্ণরূপে ভরাট করা না হয়। জলাশয় অক্ষত রেখে সোলার প্যানেল স্থাপনের বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।


৪। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে “সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প”-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ ডিপিপি'র ৩-৪ নং পৃষ্ঠায় বর্ণিত Components and Estimated Cost Summary সহ ডিপিপি'র ২৫-৩২ নং পৃষ্ঠায় বিভিন্ন অংগের বিপরীতে Economic Code/Sub Code সংশোধনপূর্বক পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.২ বিদ্যুৎ বিভাগ/সংস্থা পরিকল্পনা কমিশনের সাথে আলোচনাক্রমে Cost Benefit Analysis পরিমার্জন করবে;

৪.৩ ডিপিপি'র ১৫ নং অনুচ্ছেদ সঠিকভাবে সংশোধন করতঃ ডিপিপি পুনর্গঠন করতে হবে;

- ৪.৪ ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ এনইসি সভার সিদ্ধান্ত অনুসরণকরতঃ বিদ্যুৎ বিভাগের অনুকূলে MTBF-এর বরাদ্দের সাথে সংগতি রেখে প্রকল্প গ্রহণ করতে হবে-যাতে প্রকল্প অনুমোদনের পর ডিপিপি অনুযায়ী এডিপিতে বরাদ্দ নিশ্চিত করা যায় এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রয়োজন না হয়;
- ৪.৫ দরপত্রের Validity Date এর বর্ধিত সময়সীমার মধ্যেই যেন ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা সম্ভব হয় সে লক্ষ্যে এ প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়া দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে;
- ৪.৬ ইকনোমিক কোড ৬৮১৩ এর আওতায় Photovoltaic Plant (VP Modules, DC Cables, LT Cables, PV Module Mounting Structures, LV/MV Cable and accessories) ইত্যাদি আইটেমের দর একত্রিত করে PV Plant এর দর নির্ধারণ করে এ খাতের আইটেম ভিত্তিক প্রাক্কলন পুনর্গঠিত ডিপিপি'র Annexure 1.1-এ প্রদান করতে হবে এবং Code Description এর প্রতিটির পাশে বন্ধনীর ভিতর পৃষ্ঠা নম্বর উল্লেখসহ ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় কম্পিউটার প্রমাদজনিত ভুলত্রুটি সংশোধন করতে হবে;
- ৪.৭ এনইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নাম বাংলায় লেখাসহ প্রকল্পের উদ্দেশ্যসমূহ সঠিকভাবে পুনর্গঠিত ডিপিপি'তে উল্লেখ করতে হবে;
- ৪.৮ ভূমি উন্নয়নের জন্য ইতোমধ্যে চূড়ান্তকৃত ২৩ একর ভূমির Landscape এর লক্ষ্য রাখতে হবে যাতে জলাশয়সমূহ সম্পূর্ণরূপে ভরাট না করা হয়। জলাশয় অক্ষত রেখে সোলার প্যানেল স্থাপনের বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে নিশ্চিত করতে হবে;
- ৪.৯ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্তর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।
- ৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(জুয়েনা আজিজ)
ভারপ্রাপ্ত সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

বিষয়ঃ ২৪/০৮/২০১৬ তারিখে অনুষ্ঠিত "সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ (পিক) গ্রীড কানেকটেড সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট নির্মাণ"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা।

ক্রমিক নং	নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা	ফোন নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১.	শ্রী. সাইদুল হোসেন প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৬৭১৫৭৭১৫৭	saiful1232501@gmail.com	সাইদুল ২৪/০৮/১৬
২.	শ্রী. এম. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭৩০০৬৬৭৭৬	mol.nwpge@gmail.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৩.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭১২-৬২৫২১৬	mc @pd.gov.bd.	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৪.	শ্রী. এ. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭৩০-০৬৬৭৭১	pdsg<<ff@gmail.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৫.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭৩০০৬৬৭৭৪	mrabi.nwpge@gmail.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৬.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭৩০-০৬৬৭৮৩	penrec.nwpge@gmail.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৭.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭৩০০৬৬৭৭৫	mainuddin.nwpge@gmail.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৮.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	৯১৪০৬৬২	sbm-rsm@yahoo.com	মোস্তাফিজ ২৪/০৮/১৬
৯.	শ্রী. মোস্তাফিজুর রহমান প্রকল্প পরিচালক (সিআই) সিরাজগঞ্জ	০১৭১৫৭০০৭৭	astro2kaur@gmail.com	মোস্তাফিজ ২৪.৮.১৬

ক্রমিক নং	নাম, পদবী ও মন্ত্রণালয়/সংস্থা	ফোন নম্বর	ই-মেইল	স্বাক্ষর
১০.	আবু হারুন মোঃ কামরুজ্জামান	৯২৬০৩৪৬ ০১৭১-১২২৯০০	kzaman050870@ Yahoo.com	
১১.	শেখ শাহীদ হাদিদ (সিএস) ইন্স. প্রফার প. ক.	০১৭১৫৭৭০২১	roopkumar roopkumar2001@ gmail.com	
১২.	মো. ম. ম. মুন্সিংগা ক. এ. ক. বি	০১৭১৫৭৭০২১		 28/6/23
১৩.				
১৪.				
১৫.				
১৬.				
১৭.				
১৮.				
১৯.				
২০.				